
4

তারিখ 12 JUL 1996
পৃষ্ঠা ৭ কলাম ২

দৈনিক বাংলা



এ এস এইচ কে সাদেক

# শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেকের জীবন বৃত্তান্ত

১৯৩৪ সালের ৩০ এপ্রিল যশোরের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে এ এস এইচ কে সাদেক জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মরহুম ইয়াহিয়া সাদেক ছিলেন যুক্তবাংলা সরকারের একজন যুগ্ম কমিশনার।

জনাব সাদেক ১৯৪৯ সালে ম্যাট্রিক পাশ করেন। তিনি ১৯৫১ সালে আই এসসি, ১৯৫৪ সালে অর্থনীতিতে বিএ (সম্মান) এবং ১৯৫৫ সালে এমএ পাস করেন। যুক্তরাষ্ট্রের উইলিয়ামস্ কলেজ থেকেও তিনি এমএ ডিগ্রী অর্জন করেন। তিনি যুক্তরাজ্যের কেমব্রিজ বিশ্ববিদ্যালয় ও পাকিস্তানের করাচীর ইন্সটিটিউট অব ডেভেলপমেন্ট ইকনমিক্সেও প্রশিক্ষণ গ্রহণ করেন।

জনাব সাদেক ১৯৫৬ সালে সিভিল সার্ভিস্ অব পাকিস্তান (সিএসপি) ক্যাডারে যোগ দেন। তিনি ১৯৭০-৭১ সালে যুক্তরাজ্যের নাফিল্ড ফাউন্ডেশন থেকেও ফেলোশিপ প্রাপ্ত হন।

১৯৫৯ সাল থেকে ১৯৬১ সাল পর্যন্ত তিনি মহকুমা প্রশাসক হিসাবে নীলফামারী ও নারায়ণগঞ্জে দায়িত্ব পালন করেন। ১৯৬৬-৬৭ সালে তিনি কুমিল্লার জেলা প্রশাসক এবং ১৯৬৯-৭০ সালে সাবেক পূর্ব পাকিস্তানের গবর্নরের সচিবের দায়িত্ব পালন করেন। তিনি স্বাধীন বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী মরহুম তাজউদ্দিন আহমেদের সচিব হিসাবেও দায়িত্ব পালন করেন। জনাব সাদেক ১৯৭২ সালে রাষ্ট্রপতির মুখ্য সচিব হিসাবে দায়িত্ব পালন করেন। সরকারী চাকরি জীবনের বিভিন্ন সময়ে তিনি নিপা শিক্ষা মন্ত্রণালয়ের সচিব, পেট্রোলিয়াম ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সচিব এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব হিসাবে দায়িত্ব পালন করেন। জনাব সাদেক ১৯৭৪ থেকে ৭৮ সাল পর্যন্ত কুয়ালালামপুরে এবং ১৯৮৫ থেকে ৯০ সাল পর্যন্ত ব্যাংককে জাতিসংঘ এবং ইউনিডোর প্রশাসনিক বিশেষজ্ঞ এবং আঞ্চলিক শিল্প উপদেষ্টা হিসাবে দায়িত্ব পালন করেন।

জনাব সাদেক ১৯৮৮ সালের ২৫ মার্চ সরকারী চাকরি থেকে স্বেচ্ছায় অবসরগ্রহণ করেন।

চাকরি থেকে অবসর গ্রহণের পর তিনি আওয়ামী লীগের সক্রিয় রাজনীতিতে যোগদান করেন এবং আওয়ামী লীগ সভানেত্রীর উপদেষ্টা মন্ডলীর অন্যতম সদস্য হিসাবে নিযুক্ত হন। জনাব সাদেক ১২ জুন, ১৯৯৬-এর সাধারণ নির্বাচনে যশোর-৬ (কেশবপুর) আসন থেকে জাতীয় সংসদ সদস্য নির্বাচিত হন। উল্লেখ্য সংসদ নির্বাচনে আওয়ামী লীগ এই প্রথম এ আসনটিতে জয়ী হলো।

জনাব সাদেক ২৩ জুন, ১৯৯৬ মন্ত্রিপরিষদের সদস্য হিসাবে শপথ গ্রহণ করেন এবং শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক গণশিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্বে নিযুক্ত হন।

ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং এক পুত্র ও এক কন্যার জনক। বেগম ইসমাত আরা সাদেক তার সহধর্মিনী।